

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ হজ্জ অফিস
মক্কা আল-মোকাররমা, সৌদি আরব।

স্মারক নং ১৬.০৪.০০০০.০০০.১৮.০০৬.২০১৫-২৯৯

তারিখ : ৯/৮/২০১৬

বিষয় : সৌদি হজ্জ মন্ত্রণালয়ের তাগিদ অনুযায়ী (১) বেসরকারী ব্যবস্থাপনায় প্রেরিতব্য প্রত্যেক হাজী সাহেবের এবং গাইড/টীম লীডার-এর কাছে মক্কায় তাঁদের জন্য ভাড়া কৃত বাড়ীর পূর্ণ ঠিকানা ও যোগাযোগের নম্বর প্রদান এবং (২) হজ্জ ফ্লাইট ছাড়ার কমপক্ষে ৬ ঘন্টা পূর্বে ই-মেইল যোগে কতিপয় মৌলতথ্য আবশ্যিকভাবে প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,

সম্প্রতি বাংলাদেশ থেকে কতিপয় বেসরকারী এজেন্সী কর্তৃক প্রেরিত হজ্জযাত্রীদের কাছে মক্কায় তাঁদের জন্য ভাড়া কৃত বাড়ীর নাম ও ঠিকানা না থাকায় জেদ্দা এয়ারপোর্টে চরম সংকটের সৃষ্টি হয়। তদপ্রেক্ষিতে সৌদি হজ্জ মন্ত্রণালয়ের (জেদ্দা এয়ারপোর্টের দায়িত্বে নিয়োজিত) পরিচালক অদ্য ৯/৮/২০১৬ এক জরুরী সভা আহবান করেন। সভায় তিনি বাংলাদেশ থেকে বেসরকারী ব্যবস্থাপনায় কতিপয় এজেন্ট কর্তৃক প্রেরিত হজ্জযাত্রীদের ক্ষেত্রে উক্তরূপ সমস্যার ব্যপারে ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেন এবং জানান যে,


(১) বাংলাদেশ থেকে প্রেরিতব্য প্রত্যেক হাজী সাহেবের নিকট এবং তাঁদের গাইড/টীম লীডারের নিকট মক্কায় তাঁদের জন্য ভাড়া কৃত “বাড়ীর” পূর্ণ ঠিকানা ইত্যাদি আবশ্যিকভাবে দিতে হবে। অন্যথায় হাজীসাহেবানদের মক্কায় প্রেরণ করা সম্ভব হবে না; এবং

(২) প্রতিটি ফ্লাইট ছাড়ার অন্তত: ৬ ঘন্টা পূর্বে ফ্লাইট নং, হাজীর সংখ্যা, এজেন্সীর নাম, হোটেল/ বাড়ীর নাম ও এতদ সংশ্লিষ্ট মৌল তথ্যাদি ই-মেইলের মাধ্যমে অবশ্যই প্রেরণ করতে হবে।

উল্লেখ্য, প্রসিদ্ধ ও তাসরিহ প্রাপ্ত হোটেলের ক্ষেত্রে এ সমস্যা হচ্ছেনা, কারণ মোয়াল্লিম বারকোডেই হোটেলের সব প্রয়োজনীয় তথ্য রয়েছে। প্রকট সমস্যা হচ্ছে প্রাইভেট “বাড়ীর” ক্ষেত্রে। প্রাইভেট বাড়ীর শুধুমাত্র তাসরিহ নম্বর থাকে যাহারা বাড়ীর ঠিকানা বা লোকেশন জানা যায়না এবং এয়ারপোর্ট থেকে তাঁদের বাসে প্রেরণ করা সম্ভব হয়না।

বিষয়টি সংশ্লিষ্ট সকলকে জরুরীভিত্তিতে অবহিতকরণ তথা বাস্তবায়ন নিশ্চিতকরণের সদয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীতভাবে অনুরোধ করছি।

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

আপনার সন্তুষ্টি,

(মুহাম্মাদ মাকসুদুর রহমান)
কাউন্সেলর (হজ্জ)

অনুলিপি - সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, হজ্জ অফিস, আশকোনা, ঢাকা।
- ৩। সভাপতি/ মহাসচিব, হজ্জ এজেন্সীস এসোসিয়েশন অব বাংলাদেশ, ঢাকা।
- ৪। দলনেতা, বিজনেস অটোমেশন লিঃ মক্কা আল-মোকাররমা, সৌদি আরব।